দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...... 3 APR 2003 ..
পৃষ্ঠা ... ২ ... কলাম ...... ২ ......

# চবি ॥ নিয়মনীতি ভঙ্গ করে চার শিক্ষক নিয়োগ, তিনজনই জামায়াতপন্থী

চবি সংবাদদাতা ॥ বুধবারের সিন্ডিকেট সভায় কোন নিয়মনীতির তোয়াক্কা না করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগে ৪ জন শিক্ষককে নিয়োগ দেয়া হয়েছে। ৪ জন শিক্ষকের মধ্যে ৩ জন জামায়াতপন্থী। বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এই সিদ্ধান্তে খোদ ডিপার্টমেন্ট এবং বিএনপিপন্থী শিক্ষকদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, বুধবারের সিন্ডিকেট সভায় যে ৪ জন শিক্ষককে প্রাণিবিদ্যা বিভাগে নিয়োগ দেয়া হয়েছে এর মধ্যে ৩ জন জামায়াতপন্থী শিক্ষক। এর মধ্যে একজন চবি কলেজের শিক্ষক মোঃ হাবিবুর রহমান ৩টি সেকেন্ড ক্লাসপ্রাপ্ত এবং এমফিল করার সময় নকল করতে গিয়ে বহিষ্কার হয়েছেন– যার প্রমাণ প্রাণিবিদ্যা বিভাগে সংরক্ষিত আছে। বিজ্ঞাপনে ২ জন শিক্ষক নিয়োগের কথা উল্লেখ থাকলেও ৪ জনকে নিয়োগ দেয়ায় হতবাক হয়েছেন- অনেকেই। মোঃ হাবিবুর রহমানের নিয়োগের ব্যাপারে খোদ ডিপার্টমেন্ট ও একজন সিন্ডিকেট সদস্য আপত্তি জানিয়েছেন।